যুগান্তর

তারিখ ...07 JUN 2016...
পৃষ্ঠা ...১৯... কলাম ...৪...

সাউথইস্ট ব্যাংকের সহায়তা

# ঢাবি তথ্যবিজ্ঞান বিভাগের আধুনিকীকরণ কার্যক্রমের উদ্বোধন

সাউথইস্ট ব্যাংক লিমিটেড সামাজিক দায়বদ্ধতার কর্মকাণ্ডের আওতায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগ আধুনিকীকরণ ও স্বয়ংক্রিয়করণে আর্থিক সহায়তা দিয়েছে। সোমবার এ কার্যক্রমের উদ্বোধন উপলক্ষে ওই বিভাগে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক এবং বিশেষ অতিথি ছিলেন সাউথইস্ট ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক সহিদ হোসেন।

পরে কলা অনুষদের কনফারেন্স রুমে সংক্ষিপ্ত অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন বিভাগের চেয়ারম্যান প্রফেসর ড. মুহাম্মদ মেজবাহ-উল-ইসলাম। বিশেষ অতিথির বক্তব্য দেন সহিদ হোসেন। সংবাদ বিজ্ঞপ্তি।